তারিখ 20 OCT 2016
পৃঃ ৩ ... ২

দৈনিক আমাদের সময়

সৃজনশীল পদ্ধতিতে পাঠদান

# শিক্ষকদের সক্ষমতায় প্রশিক্ষণ কার্যক্রম জোরদারের সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ●

সৃজনশীল পদ্ধতিতে শ্রেণিকক্ষে পাঠদানকারী শিক্ষকদের সক্ষমতা ও দক্ষতা অর্জনে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারের সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল বুধবার জাতীয় সংসদে অনুষ্ঠিত কমিটির ১৯তম বৈঠকে এ সুপারিশ করা হয়।

বৈঠকে সৃজনশীল পদ্ধতিতে শ্রেণিকক্ষে পাঠদানকারী শিক্ষকদের সক্ষমতা ও দক্ষতা অর্জনে গৃহীত কার্যক্রম, উপজেলা আইসিটি রিসোর্স সেন্টার স্থাপন প্রকল্পের অগ্রগতি, হালনাগাদ তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

বৈঠকে উল্লেখ করা হয়, ইতোমধ্যে সৃজনশীল প্রশ্নপদ্ধতির সুষ্ঠু বাস্তবায়নে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, দাখিল ও আলিম স্তরের মাস্টার ট্রেইনার হিসেবে ১২ দিনব্যাপী এরপর পৃষ্ঠা ৯ কলাম ৫

## শিক্ষকদের সক্ষমতায়

(৩ এর পৃষ্ঠার পর) ১৩ হাজার ৯৫০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত মাস্টার ট্রেইনারগণ মাধ্যমিক স্তর ও দাখিল স্তরের (৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণি) মোট ৪ লাখ ৬ হাজার ৬৬৪ জন এবং উচ্চ মাধ্যমিক স্তর ও আলিম স্তরের (একাদশ-দ্বাদশ শেণি) মোট ৬৪ হাজার ২৯২ জন শ্রেণি শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করেছেন।

বৈঠকে উল্লেখ করা হয়, উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) প্রকল্পের আওতায় ১২৫টি উপজেলায় উপজেলা আইসিটি রিসোর্স সেন্টারের নির্মাণ কাজ সম্পন্নকরত কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এ প্রকল্পের শতভাগ কাজ সমাপ্ত হয়েছে প্রকল্প সাহায্য অংশের এবং জিওবি অংশসহ প্রকল্পের মোট বাস্তবায়ন অগ্রগতির হার ৮৬ শতাংশ।